অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

শীতকালীন ঝড়ের কারণে এরি কাউন্টিতে ন্যাশনাল গার্ড মোতায়েন করা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"স্টেটজুড়ে ঠাণ্ডায় জমে যাওয়ার মতো তাপমাত্রা এবং উপকুলীয় বন্যা, এবং বিশেষ করে ওয়েস্টার্ন ও নর্দান নিউ ইয়র্কে তুষারপাত ও বরফ জমা হওয়া অব্যাহত থাকায়, নিউ ইয়র্কবাসীরা একটি প্রাণঘাতী ও বিপজ্জনক শীতকালীন ঝড়ের সম্মুখীন হচ্ছে।

"এরি কাউন্টির এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জ এবং বাফেলোর মেয়র বায়রন ব্রাউন-এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে, আমি অধিবাসীদেরকে সহায়তা করার জন্য, বিশেষ করে যাদের জরুরি মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট রয়েছে এবং ভ্রমণ করার জন্য সাহায্য প্রয়োজন তাদেরকে সহায়তা করার জন্য এরি কাউন্টিতে ন্যাশনাল গার্ডের 54 জন সদস্যকে মোতায়েন করছি। এসব সদস্য কয়েক ঘণ্টার মধ্যে মাঠপর্যায়ে দায়িত্ব পালন করা শুরু করবেন।

"আমি নিউ ইয়র্কবাসীদেরকে আশ্বস্ত করতে চাই যে ঝড় থেকে পুনরুদ্ধারের প্রচেষ্টায় সাহায্য করার জন্য আমাদের স্টেটের সব সংস্থান মোতায়েন করা হয়েছে, এবং আমরা স্টেটজুড়ে স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে নিবিড়ভাবে সমন্বয় রক্ষা করছি। মনে রাখবেন: রাস্তায় বের হবেন না এবং আপনার বাড়িতে নিরাপদ থাকার জন্য সতর্কতামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করুন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418